ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-৩৬২৮

ছৈলেংটা, ৬ নভেম্বর, ২০২৫

## ছৈলেংটায় নতুন পরিকাঠামোর উদ্বোধন অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী
## পুনর্বাসন দেওয়া ব্রু পরিবারগুলির ১ জন করে সদস্যকে দক্ষতা উন্নয়নে প্রশিক্ষণ দেওয়া হবে

রাজ্যের ১২টি জনপদে পুনর্বাসন দেওয়া ব্রু পরিবারগুলির ১ জন করে সদস্যকে দক্ষতা উন্নয়নে প্রশিক্ষণ দেওয়া হবে। রাজ্যের বিভিন্ন স্থানে ১২টি জনপদে ৬,৯০০ ব্রু পরিবারকে পুনর্বাসন দেওয়া হয়েছে। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির পরামর্শে ব্রু পরিবারগুলির দক্ষতা উন্নয়ন ও জীবিকা নির্বাহে তাদের প্রধানমন্ত্রী কৌশল বিকাশ যোজনা এবং মুখ্যমন্ত্রী দক্ষতা উন্নয়ন যোজনার আওতায় আনা হয়েছে। আজ ছৈলেংটা বাজার মাঠে রাজ্যভিত্তিক টুলকিট বিতরণ অনুষ্ঠান এবং বিভিন্ন পরিকাঠামোর উদ্বোধনী অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা একথা বলেন। পুনর্বাসন দেওয়া ব্রু জনপদগুলির প্রশিক্ষণপ্রাপ্ত যুবক-যুবতীদের আজ বিভিন্ন টুলকিট বিতরণ করা হয়।

অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী বলেন, প্রধানমন্ত্রী কৌশল বিকাশ যোজনা এবং মুখ্যমন্ত্রী দক্ষতা উন্নয়ন যোজনায় ব্রু সুবিধাভোগীদের ১৫ দিনের প্রশিক্ষণ দেওয়া হয়েছে। তাদের জীবন জীবিকার জন্য এবং আত্মনির্ভরতার জন্য এই প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়। তাদের জন্য ব্যাঙ্ক ঋণের পাশাপাশি ভর্তুকি দেওয়ারও সংস্থান রাখা হয়েছে। দক্ষতা উন্নয়ন দপ্তরের এই উদ্যোগের প্রশংসা করে মুখ্যমন্ত্রী বলেন, রাজ্য সরকার পরিকল্পনা নিয়েছে দ্বিতীয় পর্যায়ে এ ধরণের প্রশিক্ষণের ব্যবস্থা করার। প্রথম পর্যায়ে ৮৯৫ জনকে প্রশিক্ষণ দেওয়া হয়েছে। এদের মধ্য থেকে আজ ২০ জনকে আনুষ্ঠানিক ভাবে মুখ্যমন্ত্রী সহ অতিথিগন বিভিন্ন টুলকিট তুলে দেন। পাশাপাশি মুখ্যমন্ত্রী অনুষ্ঠান মঞ্চ থেকে ভার্চুয়ালি ছামনু এইচ এস স্কুলের (বিদ্যাজোতি) নতুন ভবন, ছামনু অগ্নি নির্বাপক কেন্দ্রে নতুন অফিস বাড়ি, গ্রামোন্নয়ন দপ্তরের এক্সিকিউটিভ ইঞ্জিনীয়ারের নতুন অফিস বাড়ি এবং ছৈলংটা টুরিস্ট লজের উদ্বোধন করেন।

অনুষ্ঠানে বক্তব্য রাখেন শিল্প ও বাণিজ্য মন্ত্রী সান্ত্বনা চাকমা। তিনি দক্ষতা উন্নয়ন দপ্তরের এই উদ্যোগের ভূয়সী প্রশংসা করেন। বক্তব্য রাখতে গিয়ে তিনি রাজ্য সরকারের বিভিন্ন উন্নয়নমূলক কাজের কথা তুলে ধরেন। এছাড়া বক্তব্য রাখেন ধলাই জিলা পরিষদের সভাধিপতি সুস্মিতা দাস, বিধায়ক শম্ভুলাল চাকমা। স্বাগত বক্তব্য রাখেন শিল্প ও বাণিজ্য দপ্তরের সচিব কিরণ গিত্যে। ধন্যবাদসূচক বক্তব্য রাখেন দক্ষতা উন্নয়ন দপ্তরের অধিকর্তা প্রদীপ কে। উপস্থিত ছিলেন ধলাই জেলার জেলাশাসক বিবেক এইচ বি এবং জনপ্রতিনিধিগণ।

অনুষ্ঠানের পর মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা এবং অতিথিগণ ব্রু পুনর্বাসন কেন্দ্র লবনছড়া এডিসি ভিলেজের হামবাইপাড়া পরিদর্শন করেন। মুখ্যমন্ত্রী বিভিন্ন পরিবারের সদস্যদের সঙ্গে তাদের জীবন জীবিকা, শিক্ষা ব্যবস্থা সহ বিভিন্ন বিষয়ে মতবিনিময় করেন।

******